
দৈনিক জনকণ্ঠ

21 MAY 2017
২০ ২



ইস্টার্ন ইউনিভার্সিটি লাইব্রেরিতে শিক্ষার্থীরা

# ইস্টার্ন ইউনিভার্সিটিতে অত্যাধুনিক লাইব্রেরি

শিক্ষা ছাড়া কোন জাতি উন্নতির চরম শিখরে আরোহণ করতে পারে না। প্রকৃত শিক্ষা গ্রহণে প্রয়োজন নানা প্রকার শিক্ষা উপকরণ। শিক্ষা উপকরণের সমৃদ্ধ তথ্যকেন্দ্র হলো লাইব্রেরি। যুগোপযোগী শিক্ষা উপকরণ নিয়ে ইস্টার্ন ইউনিভার্সিটি প্রতিষ্ঠালগ্ন থেকেই গড়ে তুলেছে একটি সমৃদ্ধ জ্ঞানভাণ্ডার তথা লাইব্রেরি। এটি সম্পূর্ণ অটোমেটেড ও ওয়েব বেজড ডিজিটাল লাইব্রেরি যা Koha ইন্টিগ্রেটেড লাইব্রেরি সিস্টেম এবং DSpace ইনস্টিটিউশনাল রিপোজিটরি সফটওয়্যারের মাধ্যমে সমন্বিত করা হয়েছে। ইস্টার্ন ইউনিভার্সিটি ডিজিটাল ইনস্টিটিউশনাল রিপোজিটরিটি আন্তর্জাতিক স্বীকৃত দুটি ওপেন একসেস ডিরেক্টরি Open DOAR এবং ROAR এ নিবন্ধিত। Drupal সিএমএস এর মাধ্যমে লাইব্রেরি ওয়েবসাইট ডেভেলপ করা হয়েছে। বর্তমানে লাইব্রেরিটিতে ৫ হাজার ১৮০ শিরোনামে ১৬ হাজার ৫০০ বই এবং ৮২০টি অডিও ভিজ্যুয়াল সামগ্রী রয়েছে। আন্তর্জাতিক খ্যাতনামা প্রকাশকদের প্রকাশিত ৫১টি ডাটাবেজের মাধ্যমে ৩৬ হাজার অনলাইন জার্নাল ও ১৮ হাজার ই-বুক এ একসেস ও ডাউনলোড সুবিধা রয়েছে। এছাড়া মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে হাজারেরও অধিক গ্রন্থের সমন্বয়ে বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ কর্নার গড়ে তোলা হয়েছে। লাইব্রেরিটি ব্যবহারকারীদের অনলাইন জার্নাল ও ই-বুকে My Athens-এর মাধ্যমে রিমোট একসেস সুবিধা প্রদান করে থাকে। গবেষণা কাজে সহযোগিতার জন্য Turnitin পে-জারিজম চেকার, Zotero রেফারেন্স ও সাইটেশন ম্যানেজার এবং Grammarly গ্রামার চেকার সফটওয়্যার এর মাধ্যমে সেবা প্রদান করা হয়। শীততাপ নিয়ন্ত্রিত ও ওয়াইফাই জোন সমৃদ্ধ লাইব্রেরিটিতে ২০০ শিক্ষার্থী একত্রে অধ্যয়ন করতে পারে। লাইব্রেরিতে শিক্ষকদের জন্য রয়েছে আলাদা অধ্যয়ন কক্ষ। এছাড়াও এখানে উল্লেখযোগ্যসংখ্যক দেশী ও বিদেশী দৈনিক পত্রিকা, ম্যাগাজিন এবং শতাধিক জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা জার্নাল নিয়মিত সংগ্রহ করা হয়।

ক্যাম্পাস প্রতিবেদক